

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-১  
ব্যয় ব্যবস্থাপনা শাখা-২  
www.mof.gov.bd


স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৫২.২২.০০০১.০৮.১০০

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩৩  
৩০ এপ্রিল ২০২৬

বিষয়: সরকারের অতিরিক্ত সচিব ও সমপর্যায়ভুক্ত সকল কর্মকর্তার আকাশ পথে বিমানে বিদেশ ভ্রমণকালে  
বিজনেস/ক্লাব/এক্সিকিউটিভ শ্রেণির পরিবর্তে সুলভ শ্রেণি'তে (Economy Class) ভ্রমণ।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৯২.৯৯.০০১.২৬-৪৯৭; তারিখ: ২৯ এপ্রিল ২০২৬  
খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে গত ০৯ অক্টোবর ২০১২ তারিখে ২২১(১০০০) নং অফিস স্মারকের মাধ্যমে জারিকৃত “সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা” সংক্রান্ত অনুচ্ছেদ ২১(খ)-এ যাই থাকুক না কেন, সরকারের আর্থিক ব্যয় সংকোচনের নিমিত্ত সরকারের অতিরিক্ত সচিব/সমপর্যায়ভুক্ত সরকারি/স্বায়ত্বশাসিত/স্ব-শাসিত/সংবিধিবদ্ধ/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান-এর সকল কর্মকর্তাকে আকাশ পথে বিমানে বিদেশ ভ্রমণকালে বিজনেস/ক্লাব/এক্সিকিউটিভ শ্রেণির পরিবর্তে পুনরায় আদেশ না দেওয়া পর্যন্ত নির্দেশক্রমে সুলভ শ্রেণি'তে (Economy Class) ভ্রমণের নির্দেশনা প্রদান করা হলো।



৩০-০৪-২০২৬

র. হ. ম. আলাওল কবির  
উপসচিব

ফোন : ০২২২৩৩৫৪০০৬

ইমেইল : alaol.kabir@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ৫। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৬। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

